মেহেরপুরে বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের ভবন নির্মাণের উদ্বোধন

মেহেরপুরে বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের দুই কক্ষ বিশিষ্ট ভবন নির্মাণের ভিত্তিপ্রস্তর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (২ ফেব্রুয়ারি) বেলা ১২ টার সময় মেহেরপুরে বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মেহেরপুর বুদ্ধি প্রতিবন্ধী অটিস্টিক বিদ্যালয়ের সভাপতি সৈয়দা মোনালিসা ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থায়ী সরকারের উপ-পরিচালক শামীম হোসেন, অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান, উপজেলা নির্বাহী অফিসার কাজী নাজিম হাসান।

আরো উপস্থিত ছিলেন পিপি পল্লব ভট্টাচার্য, মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. অলোক কুমার দাস, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান আবুল হাশেম প্রমুখ।

এসময় বাংলাদেশ সরকার ও জাইকা, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অর্থায়নে এবং মেহেরপুর সদর উপজেলা পরিষদের বাস্তবায়নে ২২ লক্ষ ২৯ হাজার ১৯০ টাকা ব্যয়ে মেহেরপুরে বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের দুই কক্ষ বিশিষ্ট ভবন নির্মাণের ভিত্তিপ্রস্তর করেন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি।